আলমডাঙ্গায় দিনদুপুরে বাড়ির গেইট ভেঙে চুরি

আলমডাঙ্গায় দিনদুপুরে সাবেক কমিশনার হায়দারের বাড়িতে দুধর্ষ চুরি হয়েছে। ঘটনাটি গতকাল শুক্রবার দুপুরে ঘটেছে। ঘরের আলমারি ভেঙ্গে নগত ১২ হাজার টাকা ও আনুমানিক ১১ ভরির গহনাসহ বিভিন্ন মালামাল চুরি হয়।

জানা গেছে, আলমডাঙ্গা পৌরসভা এলাকার কোর্টপাড়ার সাবেক কমিশনার মৃত হায়দার আলির বাড়ির লোকজন গতকাল শুক্রবার দুপুরে মুন্সিগঞ্জে দাওয়াত খেতে যায়।
এসময় হায়দার আলির বাড়িতে ওত পেতে থাকে চোর চক্রের সদস্যরা। সুযোগ বুঝে বাড়ির পিছনের গেইট ভেঙে বাড়িতে প্রবেশ করে।
বাড়ির ভিতরে থাকা স্টিলের আলমারি ভেঙে নগত ১২ হাজার টাকা, ১১ ভরি সোনার গহনাসহ বিভিন্ন মালামাল চুরি করে নিয়ে যায়।
বিকালে বাড়ির লোকজন ফিরে ঘরের ভিতরের মালামাল ছিটানো দেখতে পায়।

আলমডাঙ্গা থানা পুলিশকে জানালে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। এই ঘটনায় আলমডাঙ্গা থানায় মৃত হায়দারের পরিবারের লোকজন বাদী হয়ে সাধারণ ডাইরি করেন।
এ চুরির ঘটনায় আলমডাঙ্গা পৌরসভা এলাকাজুড়ে চোর আতঙ্ক সৃষ্টি হয়েছে। গত কয়েকদিন ধরে আলমডাঙ্গায় চুরির ঘটনা বেড়ে গেছে। সপ্তাহ ব্যপী পৌর এলাকা থেকে দুটি মটোরসাইকেল চুরি হয়েছে। আবারো দিনদুপুরে বাড়িতে চুরি এ নিয়ে পৌর এলাকায় বসবাসরত লোকজনের মধ্যে চোর আতঙ্ক বিরাজ করছে।

ছেলুন জোয়ার্দ্দারের সাথে

নৌকার প্রার্থী গনু মিয়ার সৌজন্য সাক্ষাৎ

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের সাথে আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত নৌকার মেয়র প্রার্থী আলহাজ্ব হাসান কাদির গনু সৌজন্য সাক্ষাত করেছেন।

এ সময় এমপি ছেলুন জোয়ার্দ্দারকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান। এ সময় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, নির্বাচনে ঐক্যবদ্ধ ভাবে নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে।
কোন দ্বিধা দ্বন্দ¦ না রেখে সবাইকে এক কাতারে দাঁড়াতে হবে। আলমডাঙ্গা পৌরসভার উন্নয়নে নৌকার মার্কা বিজয়ী করতে হবে।

সৌজন্য সাক্ষাতকালে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, আওয়ামী লীগ নেতা রিপন শাহ, টুটুল প্রমুখ।

ফুলের শুভেচ্ছায় সিক্ত হলেন নৌকার প্রার্থী রফিক

ফুলের শুভেচ্ছায় সিক্ত হলেন জীবননগর পৌর নির্বাচনের নৌকার প্রার্থী মোঃ রফিকুল ইসলাম রফিক। গতকাল বিকাল চার ঘটিকার সময় উপজেলার আওয়ামী লীগের আয়োজনে জীবননগর বাস স্ট্যান্ডে অবস্থিত উন্মুক্ত মঞ্চে এক নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়।

জীবননগর পৌর নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী মোঃ রফিকুল ইসলাম রফিক দলীয় মনোনয়ন পাওয়ায় জীবননগর উপজেলা আওয়ামী লীগ, পৌর আওয়ামী লীগ, সকল ইউনিয়ন আওয়ামী লীগসহ সকল অঙ্গসংগঠনের নেতাকর্মীরা তাকে ফুল দিয়ে বরণ করে নেয়।

এ সময় এক সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় জীবননগর

উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তোজার সভাপতিত্বে বক্তব্য রাখেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আব্দুল লতিফ আমল, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, চেয়ারম্যান-ভাইস আব্দুস সালাম ইশা, কেন্দ্রীয় আওয়ামী যুবলীগের সদস্য মোঃ জাহাঙ্গীর আলম। সভায় আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জননেতা মোঃ রফিকুল ইসলাম রফিক বলেন, আমি দলীয় মনোনয়ন পেয়েছি এই মনোনয়ন আপনারা পেয়েছেন, আমি আপনাদের সন্তান আপনাদের ভাই, তাই আগামী ১৪ই ফেব্রুয়ারি, যে নির্বাচন অনুষ্ঠিত হবে সেই নির্বাচনে আমি আপনাদের কাছে আমার জন্য দোয়া ও ভোট চাচ্ছি।

শৈলকুপা পৌরসভায় আজ ভোট, কঠোর নিরাপত্তা

এক কাউন্সিলর প্রার্থীসহ দুইজনের মৃত্যুর শোকাবহ পরিবেশে ঝিনাইদহের শৈলকুপা পৌরসভায় আজ শনিবার নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ইতোমধ্যে ঝিনাইদহ জেলা প্রশাসন ও নির্বাচন কমিশন সব প্রস্ততি সম্পন্ন করেছে।

আইন শৃঙ্খলা ঠিক রাখতে গতকাল শুক্রবার থেকেই শৈলকুপা পৌর এলাকায় মোতায়েন করা হয়েছে বিজিবি। ভোটারদের মাঝে উদ্বোগ আর উৎকণ্ঠা থাকলেও বড় ধরণের অপ্রীতিকর ঘটনা এড়াতে ১৭ জন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে বিজিবি, আইনসার বাহিনী ও পুলিশ বাহিনী প্রস্তুত রাখা হয়েছে। ১৫টি ভোট কেন্দ্রের মধ্যে সবগুলো ঝুকিপূর্ণ হিসেবে ধরা হচ্ছে। এদিকে ঝিনাইদহ জেলা নির্বাচন অফিসার রোকনুজ্জামান জানিয়েছেন, নির্বাচনী পরিবেশ ঠিক রাখতে কঠোর ভাবে আইন প্রয়োগ করা হবে। আইন ভাঙ্গলে কাউকে ছাড় দেওয়া হবে না। শৈলকুপা উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার জুয়েল আহমেদ জানান, আজকের নির্বাচনে ১টি মেয়র পদের বিপরীতে ৪জন, ৯জন সাধারণ কাউন্সিলর পদের বিপরীতে ৩৬ জন, ও ৩ জন সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদের বিপরীতে ১২ প্রার্থী প্রতিদ্বন্দি¦তা করছেন।

শৈলকুপা পৌরসভায় মোট ভোটার সংখ্যা ২৮ হাজার ৬৩২। এর মধ্যে পুরুষ ভোটার ১৪ হাজার ১১৩ ও মহিলা ভোটার ১৪ হাজার ৫১৯ জন। জুয়েল আহম্মেদ আরো জানান, প্রতিটি ভোটকেন্দ্রে ১ জন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট, বিভিন্ন কেন্দ্রে ২ জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, শহরে দুই প্লাটুন বিজিবি, ৪’শ পুলিশ সদস্য এবং ১৩৫ জন আনসার সদস্য দায়িত্ব পালন করবেন। আজ শনিবার সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ইভিএম এর মাধ্যমে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।
এদিকে গত বুধবার রাতে কাউন্সিলর প্রার্থী শওকত হোসেনের ছেটে ভাই আওয়ামী লীগ কর্মী বন্টু (৫০) কে কুপিয়ে হত্যার ঘটনায় ২০ জনকে আসামি করে শৈলকুপা থানায় একটি মামলা হয়েছে।

এ ঘটনায় বাপ্পি নামে একজনকে পুলিশ গ্রেফতার করেছে।

গাংনী পৌরসভা নির্বাচনে ভোট গ্রহণ চলছে

২য় দফা পৌরসভা নির্বাচনে মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচনে ইভিএম এর মাধ্যমে ভোট গ্রহণ শুরু হয়েছে সকাল ৮ টা থেকে।
বৈরি আবহাওয়ার কারণে ভোটার উপস্থিতি কম। সকালে কয়েকটি কেন্দ্রে বিছিন্নভবে ছোটখাটো অপ্রীতিকর ঘটনা ঘটলেও বেশির ভাগ কেন্দ্রে পরিস্থিতি স্বাভাবিক ছিল।
গাংণী পৌর এলাকার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে দেখা যায়, ঘন কুয়াশার কারণে সকাল থেকে কেন্দ্রগুলোতে ভোটার উপস্থিতি কম। তবে ৩ নম্বর ওয়ার্ড কেন্দ্রের বাইরে কিছুটা উত্তেজনা তৈরি হলে ভ্রাম্যমাণ আদালতের একটি ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়।
প্রসঙ্গত, গাংনী পৌরসভার ৯টি কেন্দ্রে ভোটগ্রহণ চলছে। মোট ২০৩৫৭ ভোটার তাদের ভোটাধিকার প্রদানের মাধ্যমে পছন্দের প্রার্থীদের নির্বাচিত করবেন। নির্বাচনে ৪জন মেয়র প্রার্থী অংশ নিয়েছেন।

গাংনীতে কেন্দ্রে কেন্দ্রে পোঁছেছে সরঞ্জাম, কাল ভোট

আগামীকাল শনিবার অনুষ্ঠিত হতে যাচ্ছে গাংনী পৌরসভা নির্বাচন। ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সেই সাথে ৯টি কেন্দ্রেই পৌছে গেছে নির্বাচনী সকল সরঞ্জাম। শুক্রবার বিকালে গাংনী উপজেলা নির্বাচন অফিসার রশিদুল আলম সকল প্রিজাইডিং অফিসারকে কেন্দ্রর প্রয়োজনীয় সামগ্রী বুঝিয়ে দেন।

এসময় কঠোর পাহারায় নির্বাচনী সামগ্রী কেন্দ্র গুলোতে নিয়ে যাওয়া হয়। সরঞ্জামের মধ্যে রয়েছে, ইভিএম মেশিন, ব্যালট ডিসপ্লে, ভোটার তালিকা, অমোছনীয় কালি। উল্লেখ্য, প্রথমবারের মত গাংনী পৌরসভা নির্বাচনে ইভিএম ব্যবহার করা হচ্ছে।

এদিকে অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে আশাবাদ ব্যক্ত করে জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী এক প্রেস ব্রিফিংয়ে জানান, নির্বাচনকে সুষ্ঠ ও উৎসবমুখর পরিবেশে করার জন্য আমরা প্রয়োজনের তুলানায় অধিক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করেছি। সেইসাথে প্রতিটি ভোট কেন্দ্রে দুজন নির্বাহী ম্যাজিস্ট্রেট থাকবেন।

মেপ্র/এমএফআর

মুজিবনগর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের নতুন ভবনের

উদ্বোধন

মুজিবনগরে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ৪ তলা প্রশাসনিক ও ৫ তলা একাডেমিক নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে এগারোটার দিকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ভবনের উদ্বোধন করেন।

এ উপলক্ষে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের আয়োজনে উক্ত কলেজ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় অনলাইন সংযোগের মাধ্যমে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা মন্ত্রনালয়ের সচিব আমিনুল ইসলাম খান, মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক এ্যাড.ইব্রাহীম শাহীন, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্রাচার্য, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার প্রমুখ।

এর আগে প্রধান অতিথি মুজিবনগর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে পৌছালে কলেজের পক্ষ থেকে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

পরে ফিতা কেটে তিনি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের নতুন ভবনের শুভ উদ্বোধন ঘোষনা করেন।

সরকার একদলীয় শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চায়: মির্জা ফখরুল

বিএনপি’র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকার ২০১৮ সালের নির্বাচনের মতই স্থানীয় সরকার নির্বাচনে ভোট ডাকাতি করে

নিয়ে যাচ্ছে। এছাড়াও দলীয় নেতাকর্মীদের নামে মামলা দিয়ে হয়রানী করছে। এ সরকার সম্পূর্ণভাবে গণতন্ত্র ও রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোকে ধ্বংস করে দিয়েছে। এরা একদলীয় শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চায়।

তিনি আজ শুক্রবার সকালে ঠাকুরগাঁও শহরের নিজ বাসভবনে সাংবাদিকদের কাছে এমন মন্তব্য করেন।

সরকারকে ভয়ঙ্কর আত্মহননের পথ থেকে সরে এসে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন দেয়ার আহ্বান জানান মির্জা ফখরুল। তা না হলে জনগণকে সাথে নিয়ে আন্দোলনের মাধ্যমে এ সরকারকে সড়িয়ে দেয়ার হুঁশিয়ারি উচ্চারণ করেন তিনি।

এসময় জেলা বিএনপি’র শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ১ হাজার পিস টেপেন্ডাসহ আটক ১

আলমডাঙ্গার মুন্সিগঞ্জ এলাকা থেকে ১ হাজার পিস নেশাদ্রব্য ঔষধ টেপেন্ডাসহ ১ জনকে আটক করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে মুন্সিগঞ্জের সোনালী ব্যাংক এলাকা থেকে তাকে আটক করে।

আটকৃত ব্যক্তি কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার সন্তোষপুর গ্রামের মৃত মোবারক হোসেনর ছেলে খোরশেদ আলম।

জানা গেছে, মুন্সিগঞ্জ এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় থানার এসআই আমিনুল ইসলাম সঙ্গীয় ফোর্স মুন্সিগঞ্জের সোনালী প্রাঙ্গণ থেকে একজনকে সন্দেহ ভাবে আটক করে।

পরে, তার শরীর তল্লাশী করে ১ হাজার পিস টেপেন্ডা ট্যাবলেট উদ্ধার করে। এই ঘটনায় আটকৃত ব্যক্তি খোরশেদ আলমের বিরুদ্ধে মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ধারায় তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

আজ শুক্রবার সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হবে।

ঠিকাদারি ব্যবসা ছেড়ে মাছ আর ফলবাগানে বাজিমাৎ হযরত আলীর

ষাটোর্ধ হযরত আলী। ছিলেন ঠিকাদার। বয়স বাড়ায় ছাড়তে হয়েছে ঠিকাদারি ব্যবসা। তবে নিজেকে আবার বেকার মনে হচ্ছিল তাই দুই ছেলের অনুপ্রেরণায় বাড়ীর পাশে নিজের কিছু জমি ও কিছু জমি লিজ নিয়ে গড়ে তুলেছেন পুকুর, গরুর খামার আর মিশ্র ফলবাগান। এতে করে সফলতার দ্বারপ্রান্তে তিনি।

বলছিলাম কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের আহম্মেদপুর এলাকার হযরত আলীর কথা।

হযরত আলী প্রায় তিন একর জমিতে খণ্ড খণ্ড করে পুকুর, গবাদীপশুর খামার এবং দেশি-বিদেশি বিভিন্ন ফলের বাগান করে সারা জেলায় ব্যাপক সাড়া ফেলেছেন।

সরেজমিনে দেখা যায়, খণ্ড খণ্ড করে ২৪ টি পুকুরে বিভিন্ন ধরনের মাছ চাষের ব্যবস্থা, কাটিমন আম, পেয়ারা, লেবু, কমলা, মাল্টা, পেঁপেসহ দেশি-বিদেশি বিভিন্ন প্রজাতির গাছের সমন্বয়ে ফলবাগান। পাশেই আরেকটি শেডে ৬ টি দুগ্ধবতী গাভীর দেখা মিললো।

এই মিশ্র ফল বাগান ও খামার থেকে তিনি বছরে ৫ থেকে ৭ লাখ টাকা আয় করছেন।

তার এই মাছচাষ ও ফলবাগান দেখে উদ্বুদ্ধ হয়ে ওই গ্রামসহ আশপাশের আনেক গ্রামে বেকার তরুণরা মাছচাষ বা বাগান তৈরি করে স্বাবলম্বী হয়েছেন।
তার বাগান দেখতে প্রতিদিনই ভিড় করেন বহু মানুষ।

হযরত আলী জানান, কুষ্টিয়ায় তার বাড়ী হলেও সাতক্ষীরায় ব্যবসা

ছিলো তার। পেপার্স প্রিন্টিং প্রেস ও ঠিকাদারি ব্যবসা করতেন সেখানে। কিন্তু এখন বয়স হওয়ায় সেখান থেকে আবার নিজ গ্রাম কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের আহম্মদপুর এলাকায় ফিরে আসেন তিনি।

তবে কোন কিছু করতে না পেরে নিজেকে বেকারত্ব মনে হচ্ছিল। এসময় দুই ছেলের পরামর্শে কিছু একটা করবেন বলে সিদ্ধান্ত নেন। ইউটিউব চ্যানেল আর কৃষি কর্মকর্তাদের পরামর্শে দুই ছেলে তাকে একটি বাগান ও পুকুরে মাছ চাষের পরিকল্পনা গ্রহণ করেন। নিজের দুইবিঘা জমির পাশে অন্যের ৬ বিঘা জমি বাৎসরিক ১০ হাজার টাকা বিঘা প্রতি লিজ নিয়ে পুকুর খনন করে মাছ চাষ শুরু করেন। আর পুকুর পাড়ে, কলা, পেঁপে, বেগুন, লাউ,শিম, লেবুর আবাদ করেও বাড়তি আয় করেন।

পাশের তিন বিঘা জমিতে থাই জাতের পেয়ারা, কমলা, চায়না লেবু ও কাশ্মীরি কুল চাষ করেছেন।

তার খামার থেকে প্রতিদিন ৪০-৫০ কেজি করে দুধ সংগ্রহ করা হয়। সেটি স্থানীয়দের চাহিদা মিটিয়ে শহরের বাজারে বিক্রি হয়ে থাকে। গেল দুই বছরের মধ্যেই অনেক সাফল্য এসেছে তার তিনি এখন পাঁচ ওয়াক্ত নামাজ আদায়সহ পুকুরপাড় ও এর পুরো বাগানটি দেখাশোনা করেন।

তার বাগানে দেখাশোনার জন্য মাসিক বেতনে ২ জন কর্মকর্তা-কর্মচারী সার্বক্ষণিক কাজ করে এবং প্রয়োজনে বিভিন্ন সময় বিভিন্ন শ্রমিক প্রয়োজন হয় তার এই খামারে।
এই খামার করে ইতোমধ্যে তিনি বেশ সাফল্য অর্জন করেছেন।

তিনি এই এলাকার কৃষিতে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে ফল চাষে এবং ফল বাগানে উদ্বুদ্ধ করে স্বাবলম্বী করে তুলতে চান। তাই যুবকদের এই কৃষি ক্ষেত্রে এগিয়ে আসার জন্য উদাত্ত আহ্বান জানান।

তিনি বলেন, বেকার হয়ে বসে না থেকে কৃষিখাতকে গুরুত্ব দিয়ে এভাবে পুকুরে পুকুরে মাছ চাষ গবাদিপশু পালন এমনকি বিভিন্ন ধরনের ফলের বাগান গড়ে তুলে নিজেকে স্বাবলম্বী করে গড়ে তোলার তাগিদ দেন তিনি।

সেখানকার শ্রমিক মওলা বক্স জানান, এই খামার দেখাশোনা করতে মাসিক ১০ হাজার টাকায় কাজ করি। এতে করে আমার পরিবার বেশ ভালোভাবে চলছে। ছেলে মেয়েকে পড়ালেখা করানোসহ বেশ সুখেই আছি আমি।

উপজেলা কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষ জানান, বৃদ্ধ বয়সেও যে কিছু করতে পারেন তার দৃষ্টান্ত উদাহরণ হযরত আলী। এই বয়সেও বেকার না থেকে কিছু একটা করবেন এই লক্ষ্যে তিনি এই মিশ্র ফলের বাগান, গরুর খামার এবং মাছের চাষ শুরু করেছেন তা সত্যি অসাধারণ।

আমরা কৃষি বিভাগের পক্ষ থেকে তাকে বাগানের জন্য প্রয়োজনীয় সহযোগিতা বিভিন্ন ধরনের পরামর্শসহ সার্বিক সহযোগিতা দিয়ে থাকি। তার দেখাদেখি যদি আরো অনেক বেকার তরুণ কিংবা বেকার জনগোষ্ঠী এগিয়ে আসে তবেই আমাদের মঙ্গল।